

# ଦୀନିୟାତ ମୁୟାଲ୍ଲିମା କଲେଜେର ଶଂସାପତ୍ର ପ୍ରଦାନ ଅନୁଷ୍ଠାନେ ଲ' ବୋର୍ଡର ସମ୍ପାଦକ

**আপনজন ডেক্স:** হাওড়ার দীনিয়াত  
মুয়াল্লিমা কলেজ ১৫ আগস্ট এক  
অভিনব কর্মসূচির আয়োজন করল  
নিজস্ব ক্যাম্পাসে। ছাত্রীদের দ্বারা  
পরিচালিত ইসলামিক শিক্ষায় কীভাবে  
মেয়েরা মুয়াল্লিমা হচ্ছেন, অনা দিকে  
আধুনিক শিক্ষার জীবনমুখী শাখায়  
তাদের শিক্ষা লাভের সুযোগ সুব্দর  
উপস্থাপনার মধ্য দিয়ে তুলে ধরা হয়  
এদিন। এদিন দীনিয়াত মুয়াল্লিমা  
কলেজের ছাত্রীদের বার্ষিক শংসা প্রদান  
নৃষ্টানে হাজির ছিলেন আঙ্গর্জাতিক  
খাতি সম্পর্ক আলেমে দীন, তথা অল  
ইণ্ডিয়া মুসলিম পার্সোনাল ল-বোর্ডের  
জেনারেল সেক্রেটারি হ্যারভ মাওলানা  
খালিদ সাহিফুল্লাহ রহমানী ২০২২  
সালের পাস আউট ছাত্রীদের হাতে  
সাটিফিকেট তুলে দেন এবং ডিএমএস  
নতুন বিভিং এর প্রথম ও দ্বিতীয় তলের  
ভিত্তি ফলক স্থাপন করলেন। আপ্লুট  
কঠে তিনি বলেন, আমি এই কলেজে  
উপস্থিত না হলে বাংলার সফর আমার  
সম্পূর্ণ হত না। ছাত্রীদের নানান রকমের  
প্রেজেন্টেশন দেখে তিনি বলেন, মাদ্রাসা  
ও কলেজ শিক্ষার মেলবন্ধনে যে কার্য  
প্রক্রিয়ায় অগ্রণী ভূমিকা প্রহর করছে তা  
সত্যিই খুব প্রশংসনীয়। বিগত কয়েক  
শতাব্দী পৰ্বে একই ছাতার তলায়



ଆধুনিক শিক্ষার সাথে সাথে ইসলামিক  
শিক্ষা ও প্রদান করা হতো। দীনিয়াত  
মুসালিমা কলেজে উপর্যুক্ত হয়ে সেই  
অনুভূতি যেন আবার হৃদয়কে আরও  
একবার স্পর্শ করল।

তিনি আরো বলেন, কলেজের জেনারেল  
সেক্রেটারি জনাব সেখ হায়দার এবং  
তার পুরো টিম, মুসলমানদের সেই  
হারিয়ে যাওয়া সম্পদকে পুনঃসংস্করণের  
কাজ করছে। একদিকে যেমন  
কম্পিউটার, নিউট্রোশন, হেলথ, হোম  
ম্যানেজমেন্ট, চাইল্ড সাইকোলজি এবং  
ডিচিং মেধিডলজি ঠিক তেমনি  
অপরদিকে কোরআন, হাদিস আকাইদ  
ও মাসায়েল, ইসলামী তারিখ্যাত এবং  
আরবি, উর্দু ভাষা শিক্ষা প্রহণের প্রক্রিয়া  
চলছে। আর এটাই যুগের দাবি।

এনিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে  
উপস্থিতি ছিলেন কলকাতার রেড  
রোডের ইমাম-এ সৈদায়েন কারী ফজলুর  
রহমান, প্রাক্তন সাংসদ আহমদ হাসান  
ইমরান, হাওড়া জেলা সংখ্যালঘু উপরিন  
অফিসার মুদাসসার, হাওড়া জেলা  
পরিষদের কর্মাণ্ডল আধিক্য খাতুন,  
প্রতিচী ট্রাস্টের সাবির আহমেদ, আল  
আমীন মিশনের সভাপতি মোহাম্মদ  
আলী, আইনজীবী শাহবুদ্দিন,  
কলেজের চেয়ারম্যান শেখ মাসাউদ  
রহমান, ট্রাস্টি বোর্ডের মেম্বার হাজী  
মহসিন, রশিদুল হক মোল্লা, হামান  
মজিল, আসফার রহমান, বিশিষ্ট  
সমাজসেবী মেহবুব রহমান, তাজউদ্দিন  
মোল্লা, শেখ মাহমুদুল, জহির আহমদ  
লক্ষ্মণ প্রম্যথ।